ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৯২
আগরতলা, ১৭ অক্টোবর, ২০২৫

**কর্মচারিদের সুবিধায় রাজ্য সরকার এবং স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার মধ্যে মউ স্বাক্ষর**




আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ত্রিপুরা সরকার এবং স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার মধ্যে এক মউ স্বাক্ষরিত হয়। রাজ্য সচিবালয়ে আয়োজিত অনুষ্ঠানে রাজ্য সরকারের পক্ষে অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় এবং স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার পক্ষে ডিজিএম অজিত কুমার পোদ্দার মউ -এ স্বাক্ষর করেন। সাক্ষরিত মউ-এ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের কর্মচারিদের স্যালারি প্যাকেজে ফেমিলি সেভিংস অ্যাকাউন্ট - এসবিআই রিশতে, হেলথ ইনসুরেন্স, পার্সোনাল অ্যাক্সিডেন্টাল ইনসুরেন্স, এয়ার এক্সিডেন্টাল ইনসুরেন্স, হোম লোন, কার লোন ইত্যাদি ক্ষেত্রে বিভিন্ন সুযোগ-সুবিধাসমূহ রয়েছে। মউ স্বাক্ষরের সময়ে অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার, সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের যুগ্ম সচিব অসীম সাহা, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সিজিএম (গুয়াহাটি সার্কেল) প্রভাস বোস, জিএম (গুয়াহাটি সার্কেল) অমরেশ কুমার ঝা, রিজিওন্যাল ম্যানেজার আগরতলা (উত্তর) তমাল কিশোর দেববর্মা, রিজিওন্যাল ম্যানেজার আগরতলা (দক্ষিন) দেবাশীষ দাস, রিসোর্স অফিসার সমীর চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

*****